গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদরাসা শিক্ষা অধিদপ্তর
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০
www.dme.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৩.০২.০২৮.১৮- ৪০৪ তারিখঃ ১০.০৬.২০১৮ খ্রিঃ।

বিষয় ঃ জনাব মোঃ মাজহারুল ইসলাম, সহকারী শিক্ষক (শরীর চর্চা), সানুরা ইসলামিয়া সিনিয়র আলিম মাদরাসা, তারাকান্দা, ময়মনসিংহ এর এমপিও বন্ধ করণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

১.মো: আবুল হাসিম তালুকদার গং এর তারিখের আবেদন তারিখ: ২৪.১২.২০১৫খ্রিঃ।
২.অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও তথ্য যোগা: প্রযুক্তি) ময়মনসিংহ এর স্মারক নং-০৫.৩০.৬১০০.০২৩.০৫.০২২.১৫-৪৩, তারিখ:১৭.০১.২০১৬ খ্রিঃ।
৩.জেলা শিক্ষা অফিসার ,ময়মনসিংহ এর স্মারক নং-জেশিঅ/ময়মন/২৪২, তারিখ: ২৭.০৩.২০১৭খ্রিঃ।
৪.জেলা প্রশাসক, ময়মনসিংহ (শিক্ষা ও কল্যাণ শাখা) এর স্মারক নং-০৫. ৫.৬১০০.০২৩.০৫.০২২.১৫-২৪৮, তারিখ: ৩১.০৩.২০১৬খ্রিঃ।
০৫. মাদরাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.২৫.০০০০.০১০.০২.০০১.১৬- ১১৩, তারিখঃ ০৮.১০.২০১৭ খ্রিঃ।
০৬.সানুরা ইসলামিয়া সিনিয়র আলিম মাদরাসা,তারাকান্দা, ময়মনসিংহ এর স্মারক নং-সা/আ/মা/০০.১৭-৫৭, তারিখ: ২৬.১০.২০১৭খ্রিঃ।
০৭.মাদরাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.২৫.০০০০.০১০.০২.০০১.১৬-১২৬ তারিখ: ০৬.১১.২০১৭ খ্রিঃ।
০৮. সানুরা ইসলামিয়া সিনিয়র আলিম মাদরাসার স্মারক নং-সা/া/মা.০০.১৭-৬৫ তারিখ:২৬.১২.২০১৭ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচেছ যে, সূত্রে উল্লেখিত ০১ নং স্মারকে "জনাব মোঃ মাজহারুল ইসলাম, সহকারী শিক্ষক (শরীর চর্চা), সানুরা ইসলামিয়া সিনিয়র আলিম মাদরাসা, তারাকান্দা, ময়মনসিংহ এর বি. পি. এড প্রশিক্ষণ সনদ ও শিক্ষক নিবন্ধন সনদ ভূয়া'' মর্মে মো: আবুল হাসিম তালকদার গং (০৫ জন গভর্নিং বডির সদস্য সানুরা ইসলামিয়া সিনিয়র আলিম মাদরাসা, তারাকান্দা, ময়মনসিংহ) কর্তৃক জেলা প্রশাসক, ময়মনসিংহ বরাবর অভিযোগ দাখিল হয় (কপি সংযুক্ত)।

০২. অভিযোগটি তদন্ত করে প্রতিবেদন দাখিলের জন্য অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও তথ্য যোগা: প্রযুক্তি), ময়মনসিংহ কর্তৃক জেলা শিক্ষা অফিসার, ময়মনসিংহকে সূত্রোস্থ ২ নং স্মারকে অনুরোধ করা হয় (কপি সংযুক্ত)।

০৩. সূত্রে উল্লেখিত ০৩ নং স্মারক পত্রের মাধ্যমে জেলা শিক্ষা অফিসার, ময়মনসিংহ কর্তৃক (উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, তারাকান্দা, ময়মনসিংহ এর মাধ্যমে তদন্ত সম্পন্নপূর্বক) অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও তথ্য যোগা: প্রযুক্তি), ময়মনসিংহ বরাবর তদন্ত প্রতিবেদন দাখিল করা হয়(কপি সংযুক্ত)।

০৪. জেলা প্রশাসক, ময়মনসিংহ সূত্রে উল্লেখিত ০৪ নং স্মারক পত্রের মাধ্যমে মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তরকে সরকারি বিধি মোতাবেক আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়। উক্ত পত্রে উল্লেখ আছে ''তদন্ত প্রতিবেদন ও সংযুক্ত কাগজাদি পর্যালোচনায় দেখা যায় যে, তিনি (জনাব মোঃ মাজহারুল ইসলাম, সহকারী শিক্ষক, শরীর চর্চা) জেলা শিক্ষা অফিসার, ময়মনসিংহ, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, **তারাকান্দা, ময়মনসিংহ এবং মাদরাসা কর্তপক্ষ কারো নিকট** শিক্ষাগত যোগ্যতার সনদ দাখিল করতে পারেননি। এ ছাড়া মাদরাসা কর্তৃপক্ষও উক্ত শিক্ষকের সনদপত্র নিয়োগ বিজ্ঞপ্তি অর্থাৎ নিয়োগ সংক্রান্ত কোন তথ্যই দেখাতে পারেন নাই। এতে তার শিক্ষাগত যোগ্যতার সনদ সঠিক নয় এবং নিয়োগ সংক্রান্ত যাবতীয় কর্মকান্ড বৈধভাবে সম্পন্ন হয়নি মর্মে প্রতীয়মান হয়'' (কপি সংযুক্ত)।

০৫. মাদরাসা শিক্ষা অধিদপ্তর হতে সূত্রে উল্লেখিত ০৫ নং স্মারক পত্রের মাধ্যমে উপরোক্ত মন্তব্যের আলোকে পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য সনদ সংক্রান্ত তথ্য চেয়ে অধ্যক্ষ, সানুরা ইসলামিয়া সিনিয়র আলিম মাদরাসা বরাবর পত্র প্রেরণ করা হয় এবং সহকারী শিক্ষক জনাব মোঃ মাজহারুল ইসলামকে অনুলিপি দেয়া হয় (কপি সংযুক্ত)।

০৬. অধ্যক্ষ, সানুরা ইসলামিয়া সিনিয়র আলিম মাদরাসার জবাব সূত্রে উল্লেখিত ০৬ নং স্মারক পত্রের মাধ্যমে এ অধিদপ্তরে দাখিল করা হয় এবং "সহকারী শিক্ষক জনাব মোঃ মাজহারুল ইসলামের নিয়োগ সংক্রান্ত কোন তথ্য/প্রমাণক মাদরাসা কর্তৃপক্ষের নিকট রক্ষিত নেই" মর্মে তাঁর (অধ্যক্ষ, সানুরা ইসলামিয়া সিনিয়র আলিম মাদরাসা) জবাবী পত্রে উল্লেখ করা হয়(কপি সংযুক্ত)।

০৭.এ ছাড়াও গত ২০.০৯.২০১৫খ্রিঃ ১১.১০.২০১৫খ্রিঃ ও ০৪.১১.২০১৫খ্রিঃ তারিখে বর্ণিত মাদরাসার অধ্যক্ষ কর্তৃক জনাব মোঃ মাজহারুল ইসলামকে নিয়োগ সংক্রান্ত কাগজ পত্রাদি মাদরাসায় জমা না করার জন্য কারন দর্শানোর নোটিশ দেয়া হলেও তিনি নিয়োগ সংক্রান্ত কাগজ পত্র মাদরাসায় দাখিল করেননি মর্মে অধ্যক্ষ কর্তৃক তাঁর জবাবে উল্লেখ করা হয় (কপি সংযুক্ত)।

০৮. অতপর সহকারী শিক্ষক জনাব মোঃ মাজহারুল ইসলামের নিয়োগ বিজ্ঞপ্তি, আবেদন পত্র, নিয়োগ বোর্ড গঠনের রেজুলেশন, নিয়োগ পরীক্ষার ফলাফল সিট, নিয়োগ বোর্ডের রেজুলেশন, নিয়োগ বোর্ডের সুপারিশ গভর্নিং বডি কর্তৃক অনুমোদনের রেজুলেশন, নিয়োগ পত্র ও যোগদান পত্র, সকল পরীক্ষা পাশের সনদের কপি (সকল কাগজ-পত্র অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত হতে হবে) এবং সকল পরীক্ষা পাশের মূল সনদ চেয়ে এ অধিদপ্তর কর্কক সূত্রোস্থ ৭ নং স্মারকে বর্ণিত মাদরাসার অধ্যক্ষকে পত্র প্রদান করা হয়(কপি সংযুক্ত)।

০৯.মাদরাসা শিক্ষা অধিদপ্তরের ৭ নং স্মারক পত্রের জবাবী পত্রে অধ্যক্ষ কর্তৃক সূত্রোস্থ ৮ নং স্মারকে " মাদরাসা শিক্ষা অধিদপ্তরের চাহিত ৭ নং স্মারকের তথ্যাতি অধ্যক্ষ, সানুরা ইসলামিয়া সিনিয়র আলিম মাদরাসার কার্যালয়ে দাখিল করার জন্য জনাব মোঃ মাজহারুল ইসলামকে পত্রযোগে অনুরোধ করা হলেও জনাব মোঃ মাজহারুল ইসলাম তা দাখিল করতে সক্ষম হননি " মর্মে অধ্যক্ষ কর্তৃক এ অধিদপ্তরকে জানানো হয় (কপি সংযুক্ত)।

১০. জেলা প্রশাসক, ময়মনসিংহ এর তদন্ত প্রতিবেদন ও অধ্যক্ষ কর্তৃক এ অধিদপ্তরে প্রেরিত পত্রাদি পর্যালোচনায় দেখা যায় যে, জেলা শিক্ষা অফিসার, ময়মনসিংহ, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, **তারাকান্দা, ময়মনসিংহ এবং মাদরাসা কর্তপক্ষ কারো নিকট** জনাব মোঃ মাজহারুল ইসলাম, সহকারী শিক্ষক, শরীর চর্চা তাঁর বিপিএড ও শিক্ষাগত যোগ্যতার কোন সনদ দাখিল করতে পারেননি। অর্থাৎ জালিয়াতির মাধ্যমে এমপিওভুক্ত হয়েছে। বিধায় জনাব মোঃ মাজহারুল ইসলাম, সহকারী শিক্ষক (শরীর চর্চা) এর এমপিও এ মুহূর্তে বন্ধ হওয়া দরকার এবং এ পর্যন্ত গৃহীত অর্থ তাঁর নিকট হতে আদায় হওয়া আবশ্যক।

১১.এমতাবস্থায় উপরিউক্ত মতে **জনাব মোঃ মাজহারুল ইসলাম, সহকারী শিক্ষক (শরীর চর্চা), সানুরা ইসলামিয়া সিনিয়র আলিম মাদরাসা, তারাকান্দা, ময়মনসিংহ এর এমপিও বন্ধসহ তাঁর কর্তৃক উত্তোলিত সমুদয় টাকা আদায়ের ব্যবস্থাকরণের জন্য মহোদয়কে বিনীত অনুরোধ করা হলো। বিষয়টি অতীব জরুরী।**

সংযুক্তি: বর্ণনা মতে -- ১৩ ফর্দ।

১০.০৬.১৮

(মো: বিল্লাল হোসেন)
মহাপরিচালক
মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা
ফোন নং-৪১০৩০১৫৯
ই-মেইল-dgdmeb@gmail.com

সচিব,
কারিগরি ও মাদরাসা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
দৃ:আ:- অতিরিক্ত সচিব, (মাদরসা)

অনুলিপি:
১.আঞ্চলিক পরিচালক,মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ময়মনসিংহ অঞ্চল।
২.জেলা শিক্ষা অফিসার, ময়মনসিংহ।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, তারাকান্দা, ময়মনসিংহ।
৪.অফিস কপি।